# Punctuation and Capitalization

Punctuation একটি system যা একজন reader কে writer কিভাবে বাক্যটি সাজিয়েছেন তা সম্পর্কে ধারণা দেয়। আমরা কথা বলার সময় বিভিন্ন জায়গায় বিভিন্ন expressions এবং pause ব্যবহার করি যাতে শ্রোতা খুব সহজে আমাদের মনের ভাব বুঝতে পারে। Written language এ punctuations সেই pause এবং expressions প্রকাশ করে reader এর কাছে। Punctuations বাক্যকে reader এর কাছে সুস্পষ্ট করে। যেমন:

> perhaps you dont always need to use commas periods colons etc to make sentences clear when i am in a hurry tired cold lazy or angry i sometimes leave out punctuation marks grammar is stupid i can write without it and dont need it my uncle Harry once said he was not very clever and i never understood a word he wrote to me i think ill learn some punctuation not too much enough to write to Uncle Harry he needs some help

উপরের প্যাসাজটি পড়ে আমাদের বুঝতে ঝামেলা হবে কেননা এখানে কোন punctuation ব্যবহার করা হয় নি। যার ফলে, আমাদের কোথায় থামতে হবে এবং কোন কথাটি দ্বারা কী বুঝানো হয়েছে সেটা বুঝতে অসুবিধা হচ্ছে যদিও আমরা সব শব্দের অর্থগুলো জানি। উপরের প্যাসেজটি সব দিক থেকেই সঠিক থাকার পরও শুধুমাত্র punctuation এর ব্যবহার না থাকায় লেখকের মনের ভাব প্রকাশে ব্যর্থ হয়েছে। কিন্তু এখন, এই প্যাসেজটিকেই যদি আমরা সঠিক punctuation ব্যবহার করে লিখি, তাহলে এটি তার সম্পূর্ণ মনের ভাব খুব সহজেই প্রকাশ করে।

> Perhaps, you don't always need to use commas, periods, colons etc. to make sentences clear. When I am in a hurry, tired, cold, lazy, or angry I sometimes leave out punctuation marks. "Grammar is stupid! I can write without it and don't need it," my uncle Harry once said. He was not very clever, and I never understood a word he wrote to me. I think I'll learn some punctuation - not too much, enough to write to Uncle Harry. He needs some help!

## The common punctuations in English are:

1. The full-stop/the period **(.)**
2. The comma **(,)**
3. The note of exclamation **(!)**
4. The note of interrogation **(?)**
5. The semicolon **(;)**
6. The colon **(:)**
7. The quotation mark **(“ “)**
8. The apostrophe **(’)**
9. The hyphen **(-)**
10. Parentheses **()**, brackets **[]**, and braces **{}**

## The full-stop (.):

Period কে British English এ বলা হয় full-stop. **Period/full-stop** ইংরেজি ভাষার সবচেয়ে বেশি ব্যবহৃত punctuation যা বাক্যের সমাপ্তি নির্দেশ করে। প্রশ্নবোধক আর বিস্ময়সূচক বাক্য ছাড়া সকল বাক্যের শেষেই period ব্যবহার করা হয়। এটি সাধারণত abbreviation এর ক্ষেত্রেও ব্যবহার করা হয়। *(The period is a small dot. It is the most common form of punctuations that used to end a sentence in the English language. It is also used for abbreviation and website addresses.)*

⇒ **Statement** জাতীয় বাক্যের শেষে।

1. I love to travel.
2. The show starts on Thursday.

⇒ **Command** জাতীয় বাক্যের শেষে।

1. Do the work properly.
2. Do not run in the sun.

⇒ **Indirect question** সম্বলিত বাক্যের শেষে।

1. Mousumi asked me why I didn’t attend the party.
2. He wondered why Akash was not present.

⇒ 1. In both American and British English, **if you are using initial letters to represent words,** you don't normally need to put a full stop/period after. যেমন:


**BCS, NATO, MA, PhD, CIA, NBC**

2. If an abbreviation consists of the first and last letters of a word, the American rule is to include a full/stop period at the end. যেমন: **Mr., Dr., St. Mrs., Ms., a.m., p.m., etc.**

**But** the British norm, however, is not to use a period at the end. যেমন: **Mr, Dr, St, Mrs, Ms, am/AM, pm/PM, etc**

3. If the abbreviation consists only of the **first part of a word**, then you should put a period at the end:

**Wed.** (= Wednesday), **Dec.** (= December)
**Prof.** (= Professor), **Eng.** (= English)




⇒ **Ellipsis** (dot-dot-dot)**:**

**The ellipsis is also known to us as dot-dot-dot** because it consists of three periods, or dots, in a row. Ellipses are exactly **three dots, not two or four.** It indicates an intentional omission of a word, sentence, or whole section from a text without altering its original meaning. যেমন:

- ✓ A quick brown fox jumps over the lazy dog. … And if they have not died, they are still alive today.
- ✓ She opened the door . . . and saw . . . a cake!
- ✓ I was thinking . . . maybe we should call home… .

**⇒ Period after a single weord:**

Sometimes a single word can form the sentence. **In this case you place a fullstop after the word as you would in any other sentence.** This is often the case when the subject is understood as in a greeting or a command. যেমনঃ

- ✓ "Goodbye."
- ✓ "Stop."
- ✓ "Welcome."
- ✓ "Okay."

**⇒ Periods in numbers:**

Numbers use periods in English to separate the whole number from the decimal. A period used in a number is also called a "**decimal point**" and it is read "**point**" unless it refers to money. যেমনঃ

- ✓ $10.43 = ten dollars and 43 cents
- ✓ 14.17 = fourteen point one seven

## The comma (,):

**Comma** সাধারণত একটি **sentence** এর ভিতরে বিভিন্ন **clause, phrase,** অথবা **word** গুলোকে আলাদা করার জন্যে ব্যবহৃত হয়। সাধারণত, এক (১) গণনা করতে যে সময় লাগে, **Comma** ’র বিরতি কাল ততটুকু। (*A comma slightly breaks the different parts of the sentence and makes the meaning of sentences clear by grouping and separating words, phrases, and clauses.)*

⇒ একটি **list** এর অনেকগুলো **item** কে আলাদা করার জন্যে **comma** ব্যবহার করা হয়।

When making a list, commas are the most common way to separate one list item from the next. **The final two items in the list are usually separated by "and" or "or", which should be preceded by a comma.** This final comma in a list is known as the "**Oxford Comma**". যেমন:

## A Series of Independent Clauses:

- ✓ I met Helal, we went for a swim together, and afterwards Helal went home.
- ✓ I like your son, I might even love him, but he is not a very good football player.

## A Series of Nouns:

- ✓ For dinner I had soup, fish, chicken, dessert, and coffee.
- ✓ This afternoon I went to Nilkhet, Azimpur, Palashi, and Lalbag Fort.

## A Series of Adjectives:

A list of adjectives usually requires commas. However, **if several adjectives are placed before a noun, you do not separate them with a comma**. (নিচের ৩ ও ৪ নং বাক্য দেখুন)

- ✓ She was young, beautiful, kind, and intelligent.
- ✓ The house we visited was dark, lifeless, and shabby.
- ✓ She was wearing a bright red shirt.
- ✓ I bought a small black plastic bag.

## A Series of Verbs:

- ✓ Tony ran towards me, fell, shouted, and fainted.
- ✓ The boy jumped, rolled, twisted, and dove into the water.

## A Series of Phrases:

- ✓ The car smashed into the wall, flipped onto its roof, slid along the road, and finally stopped against a tree.
- ✓ The dog leapt into the air, snatched the Frisbee in its mouth, landed, and ran off into the forest.

## Oxford Comma ব্যবহার করা কি একান্ত আবশ্যক?

An Oxford, or serial, comma is the last comma in a list; it goes before the word "and." Actually, **there are no absolute laws in language.** Language is constantly evolving. Proper English style and grammar today differ between the U.K. and the U.S., and they have changed in both countries over time. Truly, the use of the **Oxford comma is generally up to you.**

নিচের দুটি বাক্যই মূলত সঠিক:

**Please bring me a pencil, eraser, and notebook.**

` *(The Oxford comma comes right after eraser.)*

**Or, Please bring me a pencil, eraser and notebook.**

*(Without Oxford comma)*

**সতর্কতা:**

However, omitting it can sometimes cause some strange misunderstandings.

**I love my parents, Lady Gaga and Humpty Dumpty.**

Without the Oxford comma, the sentence above could be interpreted as stating that you love your parents, and your parents are Lady Gaga and Humpty Dumpty. Here’s the same sentence with the Oxford comma:

**I love my parents, Lady Gaga, and Humpty Dumpty.**

Those who oppose the Oxford comma argue that rephrasing an already unclear sentence can solve the same problems that using the Oxford comma does. For example:

**I love my parents, Lady Gaga and Humpty Dumpty.**

could be rewritten as:

**I love Lady Gaga, Humpty Dumpty and my parents.**

⇒ **Direct speech** কে **indirect speech** থেকে আলাদা করার জন্যে **inverted comma** র পাশাপাশি সাধারণ একটি **comma** ও ব্যবহার করা হয়। নিচের উদাহরণগুলো ভালোভাবে লক্ষ করি:

**Example:**

1. He replied, “No need to come today.”
2. I replied, “I’ll do the work within two days.”
3. **“Exactly so,” said Rusafa.**
4. **“Go then,” said the ant, “and dance winter away.”**

⇒ **Case in apposition** (কোনো কিছুর পরিচয় বা ব্যাখ্যামূলক তথ্য) এর পূর্বে এবং পরে **comma** বসে। যেমন:

1. China, one of the most powerful nations on Earth, has a huge population.
2. Karim's grandmother, who was born in 1930, lived through the Second World War.
3. Cats, unlike dogs, do not respect their masters.
4. My friend, Jim, likes to go scuba diving.
5. Mr. Jalaluddin Ahmed, principal of Dhaka College, was a strict administrator.

⇒ বাক্যের প্রথমে **Adverial clause, Adverbial phrase, Participle Phrase** থাকলে তারপরে **comma** বসে। যেমন:

1. Hearing that her father was in hospital, Saleha left work immediately.
2. Walking to the bus stop that morning, Fahim knew it was going to be a special day.
3. Although he tried his level best, he could not manage the money.
4. If you work hard, you will pass in the exam.
5. Because of his honesty, he was praised by all.
6. The sun having set, we reached home.
7. Watching the news, we came to know the matter.

⇒ **Month-Day-Year অথবা Day-Month-Year** ফরম্যাটে তারিখ লেখার ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতিতে **comma** ব্যবহার করা হয়।

1. It was established on **April 12, 1992** or **April 12, '92** or **12 April 1992.**
2. The project started on **October 20, 2020** or **Oct. 20, '20** or **20 Oct. 2020.**
3. She attended the **August 31, 2011,** meeting.
4. The meeting is scheduled for **August 31, 7-9 p.m.,** and will feature a guest speaker.
5. The meeting is scheduled for **Wednesday, August 31, 7-9 p.m.** (And don't precede a time range with *from*: It's either **"7-9 p.m."** or **"from 7 to 9 p.m."**)
6. The meetings are **8 to 11 a.m., Monday** through Thursday.
7. The play runs Monday through **Thursday, July 18–21.**

⇒ কাউকে নাম পদবি বা উপাধি ধরে সরাসরি সম্মোধনের ক্ষেত্রে নামের আগে **comma** হয়।

1. Thanks a lot for your hospitality, Ashraf.
2. Comrades, listen to me.

⇒ **However, Moreover, Therefore, As a result, Consequently, On the other hand, In the same time, Yet, Still, Otherwise, So ইত্যাদি Adverb গুলোর পর Comma বসে।**

a. So, he is a good person.
b. However, he is a nice man.
c. On the other hand, Rahul is a thief.
d. After all, he is happy.

তবে উপর্যুক্ত **Adverb** গুলো বাক্যের মাঝে ব্যবহৃত হলে এদের আগে ও পরে **Comma** বসে।

**e.** He, however, is a nice man. He is, therefore, happy here.

**f.** I, therefore, pray and hope that you would be kind enough to grant me 5 days' leave of absence in advance.

⇒ **Absolute phrase** বা **clause** কে আলাদা রাখার জন্য উভয় পাশে comma ব্যবহার করা হয়।

This boy, to be truthful, is an honest boy.

⇒ **The international system of numeration:**

As per the International numeration system, the first comma is placed after the hundreds place. Commas are then placed after every three digits. **Continue to place a comma after every third digit**. অর্থাৎ, শেষ দিক থেকে প্রতি ৩ ডিজিট পরপর কমা বসবে। যেমন:

✓ **48,670,002** – Forty eight million, six hundred and seventy thousand and two.

✓ **Bangladesh**, officially the People's Republic of Bangladesh, is a country in South Asia. It is the eighth-most populous country in the world, with a population exceeding 163 million people, in an area of **147,570** square kilometres **(56,980 sq mi),** making it one of the most densely populated countries in the world.

নিচের ছকটি মনোযোগ সহকারে দেখুন এবং
ভারতীয় পদ্ধতির সাথে আন্তর্জাতিক পার্থক্য নির্ণয় করুন:

| Indian System | Figures(Indian) | International System | Figures(International) |
|---|---|---|---|
| One Thousand | 1,000 | One Thousand | 1,000 |
| Ten Thousand | 10,000 | Ten Thousand | 10,000 |
| One Lakh | 1,00,000 | Hundred Thousand | 100,000 |
| Ten Lakh | 10,00,000 | One Million | 1,000,000 |
| One Crore | 1,00,00,000 | Ten Million | 10,000,000 |
| Ten Crore | 10,00,00,000 | Hundred Million | 100,000,000 |

⇒ **Tag question** কে আলাদা করতে **comma** ব্যবহার করা হয়।

1. He did the work, didn’t he?
2. He knows the matter, doesn’t he?

## Comma Before But

## When Do You Need a Comma Before But?

**You should put a comma before “but” only when but is connecting two independent clauses. তবে উভয় Clause এর subject যদি একই ব্যক্তি-বস্তু হয়, তাহলে comma ব্যবহারের প্রয়োজন নেই। নিচের উদাহরণগুলো ভালোভাবে লক্ষ করি:**

1. I would go for a walk but it’s raining outside. (Inorrect)
   **I would go for a walk, but it’s raining outside.** (Cor.)
2. The dog is young, but well trained. (Inorrect)
   **The dog is young but well trained.** (Cor.)
3. Grammar is boring, but necessary. (Inorrect)
   **Grammar is boring but necessary.** (Cor.)
4. The dog is young but he’s well trained. (Inorrect)
   **The dog is young, but he’s well trained.** (Cor.)

### FINAL WARNING

**Putting a comma in the wrong place can lead to a sentence with a completely different meaning, look at these two sentences:**

1. I dislike liars like you; I believe that honesty is the best policy. (মানে- I dislike you because you are a liar.)
2. I dislike liars, like you; I believe that honesty is the best policy. (মানে- You and I both detest liars.

## The note of exclamation (!)

⇒ আকস্মিক এবং আবেগকম্পিত কোন **expression** প্রকাশ করার জন্যে **exclamatory sentence** এ **Note of exclamation** ব্যবহার করা হয়।

1. Hurrah! We’ve won the game.
2. How beautiful you are!
3. Help! Help!
4. That's unbelievable!
5. Get out!
6. Look out!

⇒ কাউকে **Warn** (সতর্ক) করার ক্ষেত্রেও **exclamation mark** ব্যবহৃত হয়।

- ✓ While walking through a forest, **a father suddenly told his daughter, “Watch out!”**

*Here, the sign **note of exclamation** tells us that the father is scared and called his daughter. Without this **exclamation note,** this statement is **not much important.***

⇒ **Direct order** এর ক্ষেত্রেও **exclamation mark** ব্যবহৃত হয়।

- ✓ **“Do not enter the room!”**

*If you see the above sentence and the exclamation sign on a door, it will help you to catch your attention that you must not enter the room. If you enter, it may be dangerous for you.*

⇒ প্রবল অনুভূতি যেমন **surprise, happiness, feelings, etc.** বুঝাতে **exclamation mark** ব্যবহার করা হয়।

1. **Anger:** “Stop your mouth!”
2. **Fear:** “The snake is going to bite the child!”
3. **Happiness:** “Good to see you!”
4. **Surprise**: “The train is late in Japan!”

⇒ **Casual writing** এর ক্ষেত্রেও মাঝে মাঝে **note of exclamation** ব্যবহার করা হয়।

1. She is leaving me!
2. You are talking like a fool!

⇒ **You can also use exclamation marks to mark a phrase as humourous, ironic or sarcastic.**

- ✓ What a lovely day!
  *(when it obviously is not a lovely day)*
- ✓ That was clever!
  *(when someone has done something stupid)*

⇒ In very informal writing styles (SMS, chat, Twitter or Facebook, etc.), an exclamation mark is sometimes combined with a question mark to indicate both surprise and slight uncertainty. **Double and triple exclamation marks are common in very informal writing styles**.

Examples of casual writng:

- ✓ He's getting married!?
- ✓ That's insane!!!

## The note of interrogation (?):

⇒ সরাসরি প্রশ্নবোধক বাক্যের শেষে **note of interrogation** ব্যবহার করা হয়।

1. Where are you going?
2. **"Do you love me?" he asked me.**

**But do not use a question mark for reported questions:**

3. He asked me what my name was.
4. She asked if I was Spanish.
5. Ask them where they are going.

⇒ **Question marks can sometimes appear within sentences:**

- ✓ There is cause for concern (isn't there?) that the current world economic balance is so fragile that it may lead to a global economic downturn.
- ✓ "Why is she here?" asked Henry.

## The semicolon (;):

**Comma** র চেয়ে বেশি এবং **full-stop** এর চেয়ে কম **pause** এর জন্যে **semicolon** ব্যবহার করা হয়। (**The semicolon** is used when we need to pause shorter than a full-stop but longer than a comma.)

⇒ দুইটা একইরকম বাক্যকে সংযুক্ত করার জন্যে **semicolon** ব্যবহার করা হয়। **মূলত co-ordinate conjunction এর পরিবর্তে** semicolon **ব্যবহার করা হয়।**

**Example:**

1. My car is green; my brother’s is red.
2. I like your brother; he's a good friend.
3. **Many great leaders, Churchill, leader of Britain during the Second World War; Alexander, the great Emperor and general; and Napolean, the brilliant French general, had strong characters, which were useful when their countries were at war but which did not serve them well in times of peace.**

⇒ **Finally, similarly, also, besides, however, next, then, meanwhile, therefore, likewise, furthermore,** ইত্যাদি conjunctive adverb এর আগে সাধারণত semicolon ব্যবহার করা হয়।

1. I’ll go to the school; then I’ll watch a movie.

⇒ **Location, date, name** এবং **description** এর list বানানোর ক্ষেত্রে semicolon ব্যবহার করা হয়।

**Names and descriptions:**

- My favourite persons are Nurul Islam, my English teacher; Mr. Khairul Islam, my math teacher; and Mr. Tapan Chakrabarty, my Bengali teacher.

**Dates:**

- Their joining dates are June 12, 2011; April 20, 2016; and January 6, 2017.

**Locations:**

- He lived in Dhaka, Bangladesh; Paris, France; and Liverpool, London.

## The colon (:):

**The colon introduces a word or words, a list or a quotation, and a phrase.**

**⇒ কোন শব্দ বা বাক্যের ব্যাখ্যা করার জন্যে colon ব্যবহার করা হয়। Colon এর পর একটি শব্দও থাকতে পারে আবার অনেকগুলো শব্দও থাকতে পারে।**

- ✓ He wants only one thing: a job.
- ✓ He likes many foods: apples, pineapples, oranges, and broccoli.
- ✓ There are many reasons for poor written communication: lack of planning, poor grammar, misuse of punctuation marks, and insufficient vocabulary.
- ✓ He collected a strange assortment of items: bird's eggs, stamps, bottle tops, string, and buttons.

**⇒ Colon এর পরের অংশকে গুরুত্ব প্রদান করার জন্যেও colon ব্যবহার করা হয়।**

- ✓ He had just one fault: an enormous ego.
- ✓ He was fit for the job as he had experience in one field: teaching.

⇒ **Salutation** অথবা **greeting** এর পর colon ব্যবহার করা হয়।

- ✓ Dear mam:
- ✓ To Whom It May Concern:

⇒ **The colon is also used to divide the hour from the minutes in writing a time in English.**

4:15 = "four fifteen"
6:45 = "six fourty-five"

## The quotation mark (“…”):

A quotation mark is used in a written language to quote the exact words or sentences which said by someone.

⇒ **Quotation mark** সাধারণত অন্য কারো উল্লেখিত বাণী/ লেখনীকে উদ্ধৃতি হিসেবে বাক্যে নিয়ে আসার জন্যে ব্যবহার করা হয়।

- ✓ She said, “Come in.”
- ✓ He said, “Go to the market and bring some rice.”
- ✓ "I'm going to the store now," she said.
- ✓ Harry told me, "Don't forget your soccer jersey."

⇒ When rephrasing what someone told you, no quotation marks are needed.

Harry told me not to forget my soccer jersey.

⇒ **Poems, short stories, chapters, articles,** ইত্যাদি থেকে উদ্ধৃতি দেয়ার জন্যে **quotation mark** ব্যবহার করা হয়।

- ✓ My favourite poem by Jashim Uddin is “Kabar”.
- ✓ Have you ever heard the name of the article “How to speak English with Better Accent”?

- ✓ "The humanity" is the third chapter of this book.
- ✓ "Jane Eyre" is a famous novel by Charlotte Bronte.

⇒ একটি শব্দের অর্থ তার প্রথাগত/পারিভাষিক অর্থ না বুঝিয়ে অন্য কিছু বুঝালে সেই শব্দকে **quotation mark** এর মধ্যে ব্যবহার করা হয়।

- She was "delighted" to see you. (She was not very delighted)
- What does the "doctor" claim? (The speaker doesn't really think this person is a doctor)

⇒ বাক্যের ভিতরে একটি শব্দকে যদি বাক্যের অংশ হিসেবে ব্যবহার না করে আলাদা একটি শব্দ হিসেবে উল্লেখ করতে হয় তখন তাকে **quotation mark** দিয়ে আলাদা করা হয়।

- Search the word "colonel" from the dictionary.
- "Abdomen" comes from Latin.

## The apostrophe ('):

The main two uses of apostrophe are discussed below:

⇒ **Apostrophe Noun/ Pronoun** এর মালিকানা প্রকাশ করে।

**01.** ব্যক্তিবাচক **Subject** কোন কিছুর মালিক হলে **'s** ব্যবহার করা হয়। যেমন: **Julia's dress, Rayan's car.**

**02.** বস্তু বা প্রাণীবাচক **Subject** কোন কিছুর মালিক হলে **of** ব্যবহার করা হয়। যেমন: **The claw of tiger. The roar of the lion. The leg of the table.**

**03.** যে কোন বাচক অর্থাৎ ব্যক্তি, বস্তু বা প্রাণীবাচক **Plural subject** কোন কিছুর মালিক হলে **s'** ব্যবহার করা হয়। যেমন: **Boys' club. Girls' School, Birds' feather.**

**04. যেসব Subject** কে **Plural** করার পর **s** পাওয়া যায় না এবং তারা কোন কিছুর মালিক হলে **’s** ব্যবহার করা হয়।যেমন: **Women’s parlour, Men’s club, Children’s corner.**

**05.** যেসব **Subject** এর একাধিক স্-ধ্বনি **(Hissing sound)** থাকে সেখানে **s** না দিয়ে (ʾ) বসানো হয়। যেমন: **Moses’ laws, Keats’ poem, For justice’ sake.**

**06.** সময় দূরত্ব ও ওজন প্রকাশক **Noun**এর ক্ষেত্রে **’s** হয়।যেমন: **A day’s match. A week’s vacation, At a stone’s throw.**

**07.** যেসব **Subject** এর নিজস্ব **possessive case** আছে **(pronoun** এর ক্ষেত্রে) তাদের বেলায় **of, ’s** বা **s’** কোনটাই হবে না। যেমন: **My pen, Our village, Yours faithfully.**

**⇒ An apostrophe shows missing letters or numbers:** বিলুপ্ত বর্ণকে চিহ্নিত করার জন্যেও **apostrophe** ব্যবহার করা হয়।

**Example:**

- Can’t = **cannot**
- Didn’t = did not
- Haven’t = have not
- 1970 = ’70
- 1992 = ’92

## Test:

***Use (‘) Where necessary:***

➤There is a boys club in our locality.

➤This is Julia and Toms car.

➤Everyone likes mangoes fibre.

➤That is a womens parlour.

➤He has applied for a weeks holiday.

➤I love Keats poem.

➤There is a renowned Girls school in Jessore.

➤I want to be member of any mens club.

➤Sandras dresses need to be washed

## The hyphen (-):

**Hyphen** সাধারণত দুইটি word কে সংযুক্ত করার জন্যে ব্যবহার করা হয়।

- Well-known teacher
- Nice-looking girl
- Co-operative

⇒ **21** থেকে **99** পর্যন্ত প্রতিটি সংখ্যার লিখিতরূপে hyphen ব্যবহার করা হয়।

- Twenty-three
- Seventy-nine
- Ninety-nine

⇒ **Fraction** এর লিখিতরূপেও hyphen ব্যবহার করা হয়।

- One-fifth
- Two-sixths
- Seven-ninths

⇒ অর্থের বিভ্রান্তি দূর করার জন্যেও **hyphen** ব্যবহার করা হয়।

- A little-used car (A car that is not used often)
- A little used-car (A used car which is small)

⇒ কিছু **job titles** এর ক্ষেত্রেও hyphen ব্যবহার করা হয়।

- Vice-chancellor
- Vice-president
- Secretary-general

⇒ **কিছু proper noun এর আগে prefix যোগ করার ক্ষেত্রে hyphen ব্যবহার করা হয়।**

- Un-American
- Anti-Islamic
- Anti-terrorism

⇒ **Prefix *'self'*** এর পরে hyphen ব্যবহার করা হয়। **(but not with selfless and selfish)**

- Self-control
- Self-respect

⇒ **Prefix *'ex'*** এর পরেও hyphen ব্যবহার করা হয়।

- Ex-husband
- Ex-wife

⇒ **Prefix 'non'** এর পরেও hyphen ব্যবহার করা হয়। **(Not with the words 'nonconformist', 'nonstop')**

- Non-violent
- Non-alcoholic

⇒ **In some cases though, a hyphen does change the meaning of a sentence.**

- I am thinking of re-covering my sofa (= to put a new cover on it)
- I would like to recover my sofa. (= from someone who has borrowed or stolen it)

## Parentheses (), brackets [], and braces {}:

### Parentheses ():

(Parentheses is plural, and parenthesis is a singular word)
The information which the parentheses provide is not essential to the meaning of the sentence. It gives an additional, or extra, information.

কিছু অতিরিক্ত তথ্য কোন বাক্যে যোগ করার জন্যে parentheses এর সাহায্য নেয়া হয়।

**Example:**

- Shahadat (the boy from Motijhil High School) helped me much to complete the homework.
- I went to pabna (which is famous for the mental hospital) yesterday.

**Brackets []:**

These are used for comments, clarifications and corrections and also for extra information.
বাক্যের মধ্যে কোন ব্যক্তিগত মন্তব্য অথবা কোন নির্দিষ্ট শব্দ কাকে চিহ্নিত করে তা বোঝানোর জন্যে brackets ব্যবহার করা হয়।

**Example:**

- He can drive 60 [miles per hour] on the highway.
- He [Alif] is my best friend.

**Braces {}:**

Braces look like curly brackets. These are not common in written Language that’s why we don’t use it in the English language. But these are very common in Mathematics and science.
ইংরেজি ভাষায় braces এর ব্যবহার শুধুমাত্র mathematics এই রয়েছে। বাক্যে এর কোন ব্যবহার নেই।

## Capitalization এর নিয়ম:

১। প্রত্যেক **sentence** এর প্রথম **word** টি **capital letter** দিয়ে শুরু হয়। যেমন: **He is a good student.**

২। **Proper Noun** তথা কোনো ব্যক্তি এবং স্থান (গ্রাম, থানা, জেলা, দেশ ইত্যাদি) এর প্রথম বর্ণ **capital letter** হয়। যেমন: **My name is Rahim. I live in Mirpur, Dhaka, Bangladesh.**

৩। "আমি" অর্থ বোঝাতে **I** সব সময় **capital letter** হয়। যেমন: **If he wants, I shall help him.**

৪। উপাধি এর প্রথম বর্ণ **capital letter** এও লেখা যায়। যেমন: **Mr. Karim is our Headmaster/ headmaster.**

৫। **Abreviation** সব সময় **capital letetr** দিয়ে লিখতে হয়। যেমন: **MA, BA, USA, BSc**

৬। চিঠিপত্রের সম্বোধনে **capital letter** ব্যাহার করা হয়। যেমন: **My dear Mother, Dear Sir**

৭। বই-পুস্তক, ধর্মগ্রন্থ এবং সংবাদ পত্রের নামের প্রথম বর্ণ **capital letter** হয়। যেমন: **The Quran, The Daily Star**

৮। শিক্ষা প্রতিষ্ঠান, উপাসনালয়, ব্যবসায়, সমিতি প্রভৃতির নামের প্রথম বর্ণ **capital letter** হয়। যেমন: **Dhaka City College, Central Mosque, Dhakeshwari Temple etc.**

৯। একাডেমিক বিষয়গুলোর প্রথম বর্ণ **capital leter** হয়। যেমন: **Bengali, English, Mathematics etc.**

১০। জাহাজ, বিমান, ট্রেন, বিখ্যাত স্থানের নামের প্রথম বর্ণ **capital letter** হয়। যেমন: **The Titanic, the Tajmahal, Mohanagar Express.**

১১। জাতি, ধর্ম সম্প্রদায়ের নামের প্রথম বর্ণ **capital letter** হয়। যেমন: **The Muslim, the Cristian, The Sunni**

১২। আল্লাহ তাআলার **(God)** নামবাচক শব্দের এবং তার পরিবর্তে ব্যবহৃত **Pronoun** এর প্রথম বর্ণ **capital letter** হয়। যেমন: **The old sailor prayed to God and He blessed him. (তবে god দ্বারা কোনো দেবতাকে বুঝানো হলে small letter-এ লিখতে হবে।)**

১৩। বার, মাস, পর্ব ও বিখ্যাত ঐতিহাসিক ঘটনার প্রথম বর্ণ **capital letter** হয়। যেমন:

- ✓ **My father came home on Monday last.**
- ✓ **Our final examination will be held on next November.**
- ✓ **The Battle of Palasey took place in 1757 A.D.**

১৪। ইংরেজি কবিতার প্রতি লাইনের প্রথম বর্ণ **capital leter** হয়। যেমন:

**The music in my heart I bore,**
**Long after it was heard no more.**

১৫। দিক এর (**North, South, East, West**) প্রথম বর্ণ **small letter** হয়, কিন্তু দিক যখন ভৌগোলিক অঞ্চল/অবস্থান বোঝায় তখন তাদের প্রথম বর্ণ **capital letter** হয়। যেমন: **The sun rises in the east** কিন্তু **He spent his whole life in the East.**

# কুরআন ও বাইবেলের অনুবাদের জন্য ব্যবহৃত সর্বনাম 'Royal We' বা 'রাজকীয় আমরা' (Royal WE) কী?

আল্লাহ এক ও অদ্বিতীয় হওয়া সত্ত্বেও, পবিত্র কুরআন শরীফের কিছু আয়াতে আল্লাহ নিজেকে "**আমি**" না বলে, "**আমরা**" বলে সম্বোধন করেছেন। এই "আমরা" বলার উদ্দেশ্য কী? একটি উদাহরণ দিলে ব্যাপারটা পরিস্কার হবে আশা করি-

ইংল্যান্ডের রানী যখন তার সাম্রাজ্যের জন্য কোন অধ্যাদেশ জারী করতে চান তখন কখনোই একথা বলেন না, " আমি এই আইন চালু করতে চাই.... " তার পরিবর্তে বলেন, "আমরা এই আইন চালু করতে চাই....." আমরা এই সিদ্ধান্তে উপনীত হয়েছি যে..... ।

**এখানে 'আমি'র পরিবর্তে 'আমরা' বলাটাই বেশি সন্মানের। এখানে এই 'আমরা' হল Royal We.**

ধরুন, নেপালে ভয়াবহ ভুমিকম্প হল বাংলাদেশের প্রধানমন্ত্রী তাদেরকে সমবেদনা জানানোর জন্য সেখানে গেলেন আর সমবেদনা জানাতে গিয়ে যদি বলেন, "আমি এই বিপদে আপনাদের সাথে আছি" । তার চেয়ে অনেক সন্মান ও গৌরবের এই কথা বলা যে, "আমরা এই বিপদে আপনাদের সাথে আছি।" এই কথা দ্বারা বাংলাদেশের সব ধরণের শক্তি এবং সামর্থ্য নিয়ে তাদের সাথে থাকাকে বুঝায়। **এখানে এই 'আমরা' হল Royal We**.

আর আল্লাহ তায়ালা হলেন সমগ্র বিশ্বজগতের প্রতিপালক, সমস্থ সম্রাট আর বাদশাহদের বাদশাহ যিনি সবাইকে রাজত্ব দান করেন আর যখন চান ছিনিয়ে নেন। পৃথিবীর সমস্ত বাদশাহরা সব সময়ে ভীত থাকে কখন তার রাজত্ব হাত ছাড়া হয়ে যায় বা কখন মৃত্যু এসে ওলট পালট করে দেয়, আল্লাহ তায়ালা এ সমস্থ ভয় ভীতি থেকে দুরে। সমস্ত ফেরেশতারা তার ভয়ে কাপতে থাকে, আকাশ জমিন তার হুকুমের সামনে নত হয়ে যায়...... সেই আল্লাহই নিজের প্রতাপ আর উনি যে সমগ্র বিশ্ব জাহানের প্রতিপালক তা প্রকাশ করার জন্যই আর নিজেকে গর্বিত করার জন্যই রাজকীয় 'আমরা ' বা Royal We ব্যবহার করেন।

বাংলাসহ ইংরেজি, ফার্সি, হিব্রু, আরবি ইত্যাদি অনেক ভাষাতেই এই রাজকীয় "আমরা" সর্বনামের ব্যবহার রয়েছে। এটি ভাষার একটি মর্যাদাগত দিক। বিশেষ করে ইংরেজি ভাষার ক্ষেত্রে এই বিষয়টি লক্ষণীয়।

বর্তমানে অনেকে কুরআন শরিফের বাংলায় বঙ্গানুবাদ এর ক্ষেত্রে আল্লাহ যেখানে আমি'র পরিবর্তে "আমরা" বলেছেন, তা বাদ দিয়ে 'আমি' লিখে অনুবাদ করেন। এটা অশুদ্ধ অনুবাদ। যেমন:

إِنَّآ أَعۡطَيۡنَٰكَ ٱلۡكَوۡثَرَ (ইন্না আ'তাইনা-কাল্ কাওছার)

(Indeed, We have granted you ˹O Prophet˺ abundant goodness.)

# Use appropriate punctuation marks in the following passages:

**1.** I came here yesterday from my village home he said why did you come i asked my mother sent me to you with this letter he replied how is your mother now i have not seen her for a long time i said

**Answer:** "I came here yesterday from my village home," he said. "Why did you come?" I asked. "My mother sent me to you with this letter," he replied. "How is you mother? I have not seen her for a long time," I said.

**2.** why do you not go asked the eldest of the girls and mistress of the house do you find your payment to little then turning to her sisters she said give him another dinner by allay sweet ladies replied the porter you have paid me well enough my ordinary pay is but a few coppers it is about you that my heart is troubled how is it that you lived alone in this house with no man to attend you

**Answer:** "Why do you not go?" asked the eldest of the girls and the mistress of the house, "Do you find your payment too little?" Then, turning to her sisters, she said, "Give him another dinner." "By Allah, sweet ladies," replied the porter, "You have paid me well enough; my ordinary pay is but a few coppers. It is about you that my heart is troubled. How is it that you lived alone in this house with no man to attend you?"

# একটি ভিন্ন প্রসঙ্গ: Allah (ٱللَّهُ) শব্দের Pronoun কী?

## Allah is one, এই বাক্যের Tag Question কী হবে- isn't He/She/It/Allah?

উত্তরটি অবশ্যই He হবে। Allah শব্দের Pronoun হিসেবে He বলা যাবে কিনা এনিয়ে অনেকে সংশয় পোষণ করে থাকেন। কারণ ইংরেজি God শব্দের স্ত্রী-পুরুষবাচক শব্দ থাকলে Allah শব্দের ক্ষেত্রে তা নেই। তবে মনে রাখবেন, Allah শব্দের Pronoun সর্বদা He হবে (H বর্ণ অবশ্যই Capital letter হবে)। কারণ মহান আল্লাহ পবিত্র কোরআনের সব জায়গায় তাঁর নামের পরিবর্তে পুরুষ বাচক সর্বনাম ব্যবহার করেছেন। যেমন- কুল হুওয়াল্লাহ আহাদ ( قُلْ هُوَ ٱللَّهُ أَحَدٌ), অর্থ্যাৎ "বলুন, তিনি আল্লাহ এক।" (Say, He is Allah one).

*(সংক্ষিপ্ত থিওলজিক্যাল ব্যাখ্যা)*